

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়
ঢাকা বিশ্ববিদ্যালয়



বিজ্ঞপ্তি

স্মারক নং: উবি-০৬/২০০৭-১৬৫১৫

তারিখ: ০৮ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ
২৪ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ

বিষয়: করোনাকালীন সুষ্ঠুভাবে শ্রেণিকার্যক্রম পরিচালনার লক্ষ্যে শিক্ষার্থী ও সম্মানিত অভিভাবকগণের প্রতি নির্দেশনা প্রসঙ্গে।

শিক্ষার্থীদের প্রতি নির্দেশনা:

- ১। শিক্ষার্থীরা মাস্ক পরে আসবে এবং ছোট স্যানিটাইজার সাথে আনবে।
- ২। শিক্ষার্থীরা নির্ধারিত আসনে বসবে। কোনো অবস্থায় নিজের আসন ছেড়ে অন্যের আসনে যেতে পারবে না।
- ৩। কোনো অবস্থায় মুখ থেকে মাস্ক খুলতে পারবে না।
- ৪। স্বাস্থ্যবিধি মেনে পর্যায়ক্রমে ওয়াশরুমে যেতে হবে।
- ৫। কোন শিক্ষার্থী টিফিন আনতে পারবে না।
- ৬। ওয়াশরুমে পর্যাপ্ত পরিমাণ সাবান ও সেনিটাইজার সংরক্ষণ করা হবে। শিক্ষার্থীরা প্রয়োজন সাপেক্ষে এগুলো যথাযথভাবে ব্যবহার করবে।
- ৭। শারীরিক শিক্ষা বা অন্য ক্লাসের জন্য কক্ষ ত্যাগ করতে হলে তিন ফুট দূরত্ব বজায় রেখে স্বাস্থ্যবিধি মেনে চলবে।
- ৮। কোনো সহপাঠী বা বন্ধুর সাথে কোলাকুলি ও করমর্দন করা যাবে না।
- ৯। কোনো অবস্থায় শিক্ষার্থীরা মোবাইল সাথে আনতে পারবে না।
- ১০। শারীরিক কোনো সমস্যা দেখা দিলে তৎক্ষণাৎ যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।
- ১১। বিদ্যালয়ের শৃঙ্খলাবিষয়ক নিয়মাবলি যথাযথভাবে মেনে বিদ্যালয়ে প্রবেশ করতে হবে এবং বিদ্যালয়ে অবস্থানকালে শৃঙ্খলাবিধি অনুসরণ করতে হবে।
- ১২। উক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণের জন্য শিক্ষার্থীদেরকে বিশেষভাবে পরামর্শ দেয়া হলো।

সম্মানিত অভিভাবকগণের প্রতি নির্দেশনা:

- ১। শিক্ষার্থীদের প্রতি পেশকৃত উপরিউক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণের জন্য সম্মানিত অভিভাবকগণ নিজ নিজ সন্তানদের উৎসাহিত করবেন।
- ২। বিশেষত বিদ্যালয়ে অবস্থানকালে সর্বদা মাস্ক পরিধান বিষয়ে নিজ নিজ সন্তানদের উদ্বুদ্ধ করবেন।
- ৩। সম্মানিত অভিভাবকগণ নিজ নিজ সন্তানদেরকে কাপড়ের মাস্ক পরতে উৎসাহিত করবেন।
- ৪। নিজ নিজ সন্তানের মুখে পরিধানকৃত কাপড়ের মাস্ক প্রতিদিন সাবান দিয়ে ধোয়ার ব্যবস্থা করবেন।
- ৫। সম্মানিত অভিভাবকগণ বিদ্যালয়ের সামনের দক্ষিণপাশের বাঁশের বেস্তনির প্রবেশমুখে নিজ নিজ সন্তানদের ছেড়ে দেবেন। ছোট শিক্ষার্থীরা সংশ্লিষ্ট শ্রেণিশিক্ষকের তত্ত্ববধানে বিদ্যালয় অভ্যন্তরে প্রবেশ করবে।

স্বাক্ষরিত/
জহুরা বেগম
অধ্যক্ষ

স্মারক নং: উবি-০৬/২০০৭-১৬৫১৫

তারিখ: ০৮ সেপ্টেম্বর ২০২১ খ্রিস্টাব্দ
২৪ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

১. সংশ্লিষ্ট শিক্ষার্থী ও সম্মানিত অভিভাবকবৃন্দ
২. সম্মানিত শিক্ষকবৃন্দ
৩. সম্মানিত সমন্বয়কারীবৃন্দ ১। ২। ৩। ৪। ৫।
৪. অফিস কপি
৫. ওয়েব সাইট (www.udayan.edu.bd)